# সহীহ ফিক্বহুস সুন্নাহ

বিভাগ/অধ্যায়ঃ ত্বহারাত অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ আবূ মালিক কামাল বিন আস-সাইয়্যিদ সালিম

নিম্নোক্ত প্রাণীগুলো মৃত হওয়া সত্ত্বেও নাপাক নয়

(ক) মাছ ও পঙ্গপালের মৃত দেহ:

এগুলো পাক। কেননা মহানাবী (ﷺ) বলেন:

«أحلت لنا ميتتان ودمان : الميتتان : الحوت والجراد والدمان : الكبد والطحال »

“দুই প্রকারের মৃত ও দুই প্রকারের রক্ত আমাদের জন্য হালাল করা হয়েছে। সেই মৃত দু'টি হলো- মাছ ও পঙ্গপাল বা টিড্ডি। আর দু‘প্রকারের রক্ত হলো, যকৃত ও পস্নীহা”।[1]

(খ) এমন প্রাণীর মৃত দেহ যে সব প্রাণীর রক্ত প্রবহমান নয় । যেমন: মাছি, মৌমাছি, পিঁপড়ে ও ছারপোকা ইত্যাদি। মহানাবী (ﷺ) বলেন:

«إِذَا وَقَعَ الذُّبَابُ فِي إِنَاءِ أَحَدِكُمْ فَلْيَغْمِسْهُ كُلَّهُ، ثُمَّ لِيَطْرَحْهُ، فَإِنَّ فِي أَحَدِ جَنَاحَيْهِ شِفَاءً، وَفِي الآخَرِ دَاءً»

যখন তোমাদের কারও কোন খাবার পাত্রে মাছি পড়ে, তখন তাকে সম্পূর্ণভাবে ডুবিয়ে দিবে, তারপর ফেলে দিবে । কারণ,তার এক ডানায় থাকে রোগ মুক্তি , আর অন্য ডানায় থাকে রোগ জীবানু ।[2]

(গ) মৃত প্রাণীর হাড়, শিং, নখ, চুল, পালক এই জাতীয় সব কিছুই মূলতঃ পাক। ইমাম বুখারী (রাহিমাহুল্লাহ) তার সহীহ গ্রন্থে (১/৩৪২) মু'আল্লাক সূত্রে বর্ণনা করেন, যুহরী হাতী বা এরূপ প্রাণীর হাড্ডির ব্যাপারে বলেছেন: প্রাচীন আলিমদের অনেককে দেখেছি এর চিরুনী দ্বারা তারা চুল আচড়াতেন ও এর তেল ব্যবহার করতেন। তারা এতে কোন আপত্তিকর কিছু দেখেন নি। হাম্মাদ বলেন: মৃত প্রাণীর পালক নাপাক নয়।

## ফুটনোট

[1] ইবনে মাজাহ হা/৩২১৮,৩৩১৪; আহমাদ ১/৪৬ পৃঃ সনদ সহীহ।

[2] বুখারী (৫৭৮২),

Source — https://www.hadithbd.com/books/link/?id=3123

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন